

২৬

তারিখ ১৩/১০/৫২ .....  
 পৃষ্ঠা ..... কলাম .....

036

**প্রাথমিক শিক্ষকদের  
 মধ্যে উত্তেজনা  
 সৃষ্টির চেষ্ঠার নিষেধ**

বাংলাদেশ সরকারী প্রাথমিক শিক্ষক সমিতির আহ্বায়ক জনাব মোহাম্মদ মাহিউদ্দিন নেহাল ও যুগ্ম আহ্বায়ক জনাব আবুল হোসেন গতকল এক যুক্ত বিবৃতিতে দেশ ও জাতির বৃহত্তর স্বার্থে প্রেসিডেন্ট নির্বাচনকে সামনে রেখে কোন প্রকার উত্তেজনা সৃষ্টি না করে শান্তিপূর্ণ আলাপ-আলোচনার মাধ্যমে সমস্যা সমাধানের জন্য সংশ্লিষ্ট সবার প্রতি আহ্বান জানিয়েছেন।

বিবৃতিতে তারা বলেন, প্রাথমিক শিক্ষক সমিতির সভাপতি জনাব আবুল কালাম আজাদের আটক-দেশকে কেন্দ্র করে একটি মহল উদ্দেশ্যমূলকভাবে প্রাথমিক শিক্ষকদের মধ্যে উত্তেজনা সৃষ্টির অপ-চেষ্ঠায় লিপ্ত রয়েছে। এটা নিষেধ নীয়।

বিবৃতিতে দাবী করা হয়েছে,  
 (শেষ পৃঃ ৬-এর কঃ পঃ)

**প্রাথমিক শিক্ষকদের**

(১-এর পঃ পর)  
 এ পর্যন্ত প্রাথমিক শিক্ষকদের বে-টক উন্নতি হয়েছে বলে মনে করা হয় তাতে আজাদ সাহেবের কোন অবদান নেই। ৭২ সালে আজাদ সাহেব সোহরাওয়ার্দী উদ্যানের মহা সম্মেলনে প্রাথমিক শিক্ষকদের বে-সরকারী পর্যায়ে রাখার প্রস্তাব পেশ করেছিলেন এবং বিগত আমলেও বিশেষ কৌশলের মাধ্যমে তিনি তার সেই অপচেষ্টা অব্যাহত রেখেছেন।  
 বিবৃতিতে সংশ্লিষ্ট সবাইকে ধৈর্যধারণ ও নিরপেক্ষ থাকার আহ্বান জানিয়ে এই মহত্বে কোন আমলে যোগ না দেয়ার আহ্বান জানান হয়।